দৈনিক সংবাদ

মনিটরিং কেন্দ্র

তারিখ ... 04 JUL 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

## আড়াই বস্তা নকল উদ্ধার

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার সকালের দিকে আলীয়া মাদ্রাসায় কামেল ও ফাজেল ফাইনাল পরীক্ষার হল থেকে আড়াই বস্তা নকল উদ্ধার করা হয়েছে বলে পুলিশের একটি সূত্রে জানা গেছে।

ওই সূত্র জানান, সকালে পরীক্ষা শুরু হওয়ার পর শিক্ষা মন্ত্রণালয়ের একজন উপসচিব পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হন। তিনি পরীক্ষার্থীদের তাদের কাছে রক্ষিত নকল জমা দেয়ার অনুরোধ জানান। এতে বিপুল সংখ্যক পরীক্ষার্থী নকল জমা দেয়। পরে তল্লাশি চালিয়েও আরো বিপুল পরিমাণ নকল

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## আড়াই বস্তা নকল উদ্ধার

(১ম পাতার পর)

উদ্ধার করা হয়। সব মিলিয়ে উদ্ধারকৃত নকলের পরিমাণ আড়াই বস্তা ছিল।

নকল উদ্ধারের ঘটনা নিয়ে হলে পরীক্ষার্থীরা হৈচৈ করেছে। তবে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন থাকার কারণে পরিস্থিতির অবনতি ঘটেনি।

### উপসচিবের গাড়ীতে অগ্নিসংযোগ

দুপুর প্রায় ১২টার দিকে ঐ উপসচিব উদ্ধারকৃত নকল নিয়ে একটি গাড়ীতে করে (সাস-৬৫-২৪৬৪) সচিবালয়ে-যাওয়ার পথে মাদ্রাসার হোস্টেলের অনতিদূরে বকশীবাজার মোড়ে আলীয়া মাদ্রাসার ছাত্ররা হামলা চালায়। তারা গাড়ীর ব্যাপক ক্ষতিসাধন করে। এক পর্যায়ে গাড়ীতে অগ্নিসংযোগ করা হয়। পুলিশ ঘটনাস্থলে পৌছলে হামলাকারী ছাত্ররা দৌড়ে পালিয়ে যায়। পুলিশ আগুন নেভায়।

বিকেলে মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। কর্তৃপক্ষ নকল করার দায়ে একজন পরীক্ষার্থীকে হল থেকে বহিস্কার করেছেন।